# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**29 MAY 2025** **7:45—7:55 PM IST**

==========================================

১) তৃতীয় পর্যায়ের অরুণোদয় ও একটি কলি দুটি পাতা প্রকল্পের রূপায়ন সম্পর্কে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার জেলা আয়ুক্তদের সংগে বৈঠক ।

২) রাজ্যের শিক্ষার্থীদের কল্যাণে রাজ্য সরকার অগ্রাধিকার প্রদান করছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

৩) কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রনালয়ের আজ থেকে আগামী ১২ ই জুন পর্যন্ত সমগ্র দেশে বিকশিত কৃষি সংকল্প অভিযানের আয়োজন / আসাম তথা বরাক উপত্যকার তিন জেলায় ও এই কার্যসূচীর সূচণা ।

এবং

৪) শিক্ষা সেতু এ্যাপের মাধ্যমে ছাত্র ছাত্রীদের দৈনিক উপস্থিতির তথ্য রাখার ক্ষেত্রে বিদ্যালয় শিক্ষা বিভাগের বিশেষ গুরুত্ব আরোপ ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে রাজ্যের জেলা আয়ুক্তদের সংগে এক বৈঠকে মিলিত হন । বৈঠকে তৃতীয় পর্যায়ের অরুণোদয়ের ফলপ্রসূ রুপায়ন ও এই অভিযানের অগ্রগতি সম্পর্কে মুখ্যমন্ত্রী বিস্তারিত খোজ নেন । বৈঠকে একটি কলি দুটি পাতা শীর্ষক নতুন প্রকল্পটির রুপায়ন নিয়ে ও আলোচনা করা হয় ।এছাড়া মুখ্যমন্ত্রী বিভিন্ন জেলার চাবাগানগুলিতে স্থায়ী শ্রমিক ও অস্থায়ী শ্রমিকের পরিসংখ্যা তথা চাবাগানের কর্মচারীর সংখ্যা ও জেলা পর্যায়ে রুপায়ন সমিতি গঠন সহ বেশ কয়েকটি বিষয়ে জেলা আয়ুক্তদের সংগে আলোচনা করেন ।

---

রাজ্য সরকার কন্যা সন্তানের বিদ্যায়তনিক  শিক্ষা সহ তাদের আত্মরক্ষার ক্ষেত্রে শক্তিশালী করে গড়ে তোলার জন্য রাণী লক্ষ্মীবাই আত্মরক্ষা প্রশিক্ষণের মাধ্যমে এপর্যন্ত ১০ লক্ষ ৫ হাজার কন্যাকে সমরকলা প্রশিক্ষণ প্রদান করেছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় একথা উল্লেখ করে বলেন যে এই প্রশিক্ষণ কার্যসূচীর অধীনে ২০২৪-২৫ সালে ১৩ হাজার ৩৬৭ টি বিদ্যালয়কে অর্ন্তভূক্ত করা হয়েছে । এর অধীনে ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের ক্যারাটে , জুডো ও টাইকোয়াণ্ডোর সমরকলার তিনমাসের প্রশিক্ষণ প্রদান করা হয় ।

---------------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন যে রাজ্যের শিক্ষার্থীদের কল্যাণে রাজ্যসরকার অগ্রাধিকার দিচ্ছে ।শিক্ষার্থী কেন্দ্রীক প্রকল্প সমুহ সুষ্ঠুভাবে রূপায়ন করার ক্ষেত্রেও সরকার গুরুত্ব আরোপ করছে বলে তিনি জানান ।মুখ্যমন্ত্রী আজ শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগুর উপস্থিতিতে লোকসেবা ভবনের সভাকক্ষ থেকে ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে রাজ্যের কলেজগুলোর অধ্যক্ষদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে এ মন্তব্য করেন । বৈঠকে ২০২৫ -২৬ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের বিনামূল্যে নামভর্তি প্রকল্প , নিযুত ময়না প্রকল্প প্রজ্ঞান ভারতী প্রকল্পের অধীনে ডঃ বাণীকান্ত কাকতি মেধা পুরস্কার প্রদান ইত্যাদি বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয় । বৈঠকে জেলা আয়ুক্তরাও অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------------

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রনালয় আজ থেকে ১২ ই জুন পর্যন্ত সমগ্র দেশে বিকশিত কৃষি সংকল্প অভিযানের আয়োজন করেছে । এই অভিযানের উদ্দেশ্যে হচ্ছে দেশের ৭০০ টি জেলার প্রায় দেড় কোটি কৃষককে কৃষি  ও আনুষাংগিক ক্ষেত্রগুলির বিষয়ে সচেতন করে তোলা । আসামে ও এই আভিযানে ২৬ টি জেলার ৩ হাজার ২৫০  টি গ্রাম ও ৫ লক্ষের ও বেশী কৃষককে অর্ন্তভূক্ত করার ব্যবস্থা করা হয়েছে ।

কৃষি মন্ত্রী অতুল বরা আজ ডিব্রুগড় জেলায় এই অভিযানের সূচণা করেন ।এ উপলক্ষে মানকটা খেলার মাঠে আয়োজিত সভায় ভাষন প্রসংগে শ্রী বরা কেন্দ্রীয় তথা রাজ্য সরকারের কৃষি ক্ষেত্রের বিকাশের জন্য গ্রহণ করা পদক্ষেপ সহ কৃষকের আয় বৃদ্ধির লক্ষে রুপায়ন করা প্রকল্পগুলির বিষয়ে উল্লেখ করেন ।তিনি কৃষকদের কৃষি ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির ব্যবহারে গুরুত্ব দিতে আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------------

এদিকে কাছাড় জেলায় ও আজ বিকশিত কৃষি সংকল্প অভিযান কার্যসূচীর অংশ হিসেবে জেলার কৃষি বিজ্ঞান কেন্দ্রের বি আর অডিটোরিয়ামে এক আলোচনা সভার আয়োজন করা হয় ।সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক দীপায়ন

চক্রবর্তী । এছাড়া জেলা কৃষি আধিকারিক ড: এ আর আহমেদ , জেলা মৎস্য উন্নয়ন আধিকারিক হিমাংশু প্রকাশ দাস সহ বহু বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন । সভায় কৃষি আধিকারিক ড: আহমেদ জানান যে কাছাড় জেলার ১৫ টি উন্নয়ন খন্ডের ৫৬ টি স্থানে প্রতিদিন ৪ টি করে কার্যসূচীর মাধ্যমে এই অভিযান চালানো হবে । কৃষকদের সরকারি প্রকল্প , কৃষি বিমা , আধুনিক পদ্ধতি সম্পর্কে অবগত করা হবে । বিধায়ক শ্রী চক্রবর্তী বলেন এই অভিযান গবেষণা প্রতিষ্ঠান ও কৃষকদের মধ্যে সেতুবন্ধনের কাজ করবে । এছাড়া অনুষ্ঠানে এল ডি এম দীনেশ গুপ্তা , ডি ডি এম রবিশংকর লিকমাবাম প্রমুখ প্রাসংগিক বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দি জেলায় ও আজ এই অভিযান শুরু হয়েছে । এ উপলক্ষে মনাছড়ায় লালা উন্নয়ন খন্ড কার্যালয়ের নিকটবর্তী সদ্ভাবনা মন্ডপে জেলা পর্যায়ের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয় ।এতে কৃষি বিজ্ঞানী সন্দীপ কুমার কৃষি জমিতে বৈজ্ঞানিক পদ্ধতিতে বছরে তিন চারটি ফলন চাষ করার ওপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন ।সভায় কৃষি , মৎস্য উৎপাদন , জীবিকা মিশন , ভেটেরেনারি ইত্যাদি বিভাগের জেলা পর্যায়ের শীর্ষ আধিকারিকরা ভাষন প্রসংগে নিজ নিজ বিভাগের সংশ্লিষ্ট পরিষেবার বিষয়ে বিস্তারিত তুলে ধরেন ।

---

শ্রীভূমি জেলার কৃষি আধিকারিক এক বিজ্ঞপ্তিতে আজ থেকে জেলার গ্রাম পঞ্চায়েতগুলিতে বিকশিত কৃষি সংকল্প অভিযান শুরু হয়েছে বলে জানিয়েছেন। এই অভিযান প্রতিদিন সকাল ১০ থেকে জেলার গ্রাম পঞ্চায়েতগুলিতে অনুষ্ঠিত হবে। আজ কৃষি সংকল্প অভিযানের উদ্বোধনী অনুষ্ঠান সারারাশী ও নারায়নপুর গ্রামের দুর্গাবাড়িতে অনুষ্ঠিত হয়েছে।

---

হাফলং এর কালচারেল হলে আজ বিকশিত কৃষি সংকল্প অভিযানের সূচণা করা হয় ।অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্য কার্যবাহী সদস্য দেবোলাল গারলোসা বলেন যে মৎস্য , বন ও সেচ বিভাগ একসংগে সমন্বয়ের সংগে এই কার্যসূচী রুপায়নে কাজ করে যেতে হবে ।এছাড়া অনুষ্ঠানে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী নন্দিতা গারলোসা তার ভাষনে কৃষকদের ক্ষমতায়ন ও আধুনিক কৃষি পদ্ধতি গ্রহনের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন ।

---

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন যে দেশের সুরক্ষা ও সমৃদ্ধির জন্য মেক ইন ইন্ডিয়া পদক্ষেপ অতি গুরুত্বপূর্ণ এবং এই পদক্ষেপ অপারেশন সিন্দুর অভিযানের সময় সন্ত্রাসবাদের বিরুদ্ধে যুদ্ধে বিশেষ ভূমিকা পালন করেছে । আজ নতুনদিল্লীতে অনুষ্ঠিত ভারতীয় শিল্প মহাসঙ্ঘের বার্ষিক ব্যাবসায়িক সম্মেলনে অংশগ্রহণ করে প্রতিরক্ষা মন্ত্রী শ্রী সিং একথা বলেন ।তিনি বলেন যে ভারত সন্ত্রাসবাদের বিরুদ্ধে রণনীতি এবং প্রতিক্রিয়া উভয় ক্ষেত্রেই পুনরায় রূপদান করেছে ।

-----------------------------------------------------------------------------------------

আসাম সরকারের বিদ্যালয় শিক্ষা বিভাগ শিক্ষা সেতু এপের মাধ্যমে ছাত্রছাত্রীদের দৈনিক উপস্থিতির তথ্য রাখার ক্ষেত্রে বিশেষ গুরুত্ব আরোপ করছে ।এই সম্পর্কে বিদ্যালয় শিক্ষা বিভাগ এক নির্দেশনা জারি করে ছাত্রছাত্রীর উপস্থিতি সম্পর্কে মাধ্যমিক শিক্ষা সঞ্চালক এবং প্রাথমিক শিক্ষা সঞ্চালককে নিয়মিতভাবে বিদ্যালয় সমুহের পরিদর্শক , প্রাথমিক শিক্ষা আধিকারীক ও খন্ড প্রাথমিক শিক্ষা আধিকারিকের সঙ্গে বৈঠক অনুষ্ঠিত করার নির্দেশ দিয়েছে ।এই নির্দেশ অনুযায়ি বিদ্যালয় সমুহের পরিদর্শক ,প্রাথমিক শিক্ষা আধিকারীক ও খন্ড প্রাথমিক শিক্ষা আধিকারীকরা বিদ্যালয়ে শিক্ষক ও ছাত্রছাত্রীদের উপস্থিতি বৃদ্ধি করার জন্য যাবতীয় কার্যব্যবস্থা গ্রহণ করবে ।এছাড়া প্রতিটি শ্রেণীতে ছাত্রছাত্রীর দৈনিক উপস্থিতি নিশ্চিত করার জন্য অধ্যক্ষ এব্য প্রধান শিক্ষকরা দায়বদ্ধ থাকবেন বলে নির্দেশে উল্লেখ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

রাজ্যের খাদ্য , গনবন্টন ,গ্রাহক বিষয়ক এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আগামীকাল শ্রীভূমি জেলা সফর করবেন । মন্ত্রী শ্রী রাই আগামীকাল সকাল ১১টায় শ্রীভূমি পৌছে সকাল সাড়ে ১১টায় শ্রীভূমির জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে বিভাগীয় প্রধানদের সাথে একটি পর্য্যালোচনা সভায় মিলিত হবেন । এছাড়া মন্ত্রী শ্রী রাই বিকেল সাড়ে তিনটায় দলীয় কর্মকর্তাদের সাথে বৈঠক , বিকেল সাড়ে চারটায় পৌরসভা কার্য্যলয়ে সভা এবং সাড়ে ৫ টায় , বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যদের সঙ্গে বৈঠক করবেন । মন্ত্রী শ্রী রাই আগামীকাল শ্রীভূমিতে রাত্রি যাপন করে পরদিন সকাল সাড়ে নটায় লক্ষীপুর ফিরে যাবেন ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা উন্নয়ন পর্ষদের নব নিযুক্ত সভাপতি বিশ্বরূপ ভট্টাচার্য্য আজ দায়িত্বভার সমঝে নিয়েছেন । এ উপলক্ষ্যে শ্রীভূমি শহরের বিপিনচন্দ্র পাল স্মৃতিভবনে একটি সংবর্ধনা সভার আয়োজন করা হয়েছে । সংবর্ধনা অনুষ্ঠান শেষে বিশ্বরূপ ভট্টাচার্য্য জেলা উন্নয়ন পর্ষদের কার্য্যলয়ে উপস্থিত হয়ে আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার গ্রহন করেন

। শ্রীভট্টাচার্য্যের সঙ্গে রাজ্যসভার সাংসদ মিশন রঞ্জন দাস , বিজেপির জেলা সভাপতি সঞ্জীব বণিক , প্রাক্তন সভাপতি সুব্রত ভট্টাচার্য্য প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার ছয়টি স্বাস্থ্য ব্লকের মোট এক হাজার একশ ২৭ জন আশা কর্মী কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রকের মোবাইল একাডেমী কোর্স সফলভাবে সম্পন্ন করেছেন । স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং ,আশা কর্মীদের এই সাফল্যে সন্তোষ প্রকাশ করেছেন । উল্লেখ্য মোবাইল একাডেমী কোর্সটি একটি চার ঘন্টার অডিও ভিত্তিক প্রশিক্ষন কর্মসূচী যেখানে নবজাতকের পরিচর্য্যা , টিকাকরন , পরিবার পরিকল্পনা ,পুষ্টি, সংক্রামক রোগ প্রতিরোধ এবং স্বাস্থ্য সংক্রান্ত আচরনগত পরিবর্তনের বিষয়ে সহজ ভাষায় ব্যাখ্যা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের মৎস্য ও লোক নির্মান (গ্রামীন) বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ বদরপুর ঘাটের গ্যামন সেতু সংস্কারের কাজ পরিদর্শন করেন । পরিদর্শনকালে মন্ত্রীর সঙ্গে ন্যাশনেল হাইওয়েস এন্ড ইনফ্রাস্ট্রাচার ডেভোলাপমেন্ট কর্পোরেশন লিমিটেডের আধিকারীকরাও উপস্থিত ছিলেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মন্ত্রী শ্রীপাল জানান যে গ্যামন সেতুর সংস্কার কাজের দিকে দৃষ্টি রাখতে বরাক উপত্যকার দুই মন্ত্রীকে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা নির্দেশ দিয়েছেন । সেতু সংস্কারের কাজ দ্রুত হচ্ছে বলে মন্ত্রী শ্রী পাল জানান ।

---------------------------------------------------------------------------------